২২/৮/২০০০

দৈনিক ইত্তেফাক

তারিখ ...

পৃষ্ঠা ২৬ কলাম ৩

ডিগ্রী পাসকোর্স

# সনদপত্র নিজ নিজ কলেজ হইতে সংগ্রহ করিতে হইবে

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ২০০০ সালের ডিগ্রী পাসকোর্স পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থীদের সাময়িক সনদপত্র নিজ নিজ কলেজ হইতে একশত টাকা ফি জমা দিয়া সংগ্রহ করিতে হইবে। গতকাল শনিবার জাতীয় বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তি হইতে আরও জানা যায়, ইতিপূর্বে যাহারা সাময়িক সনদ বাবদ ব্যাংক ড্রাফ্‌ট জমা দিয়াছেন তাহার জমার রশিদ নিজ নিজ

(১৫শ পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পাসকোর্স (শেষ পৃষ্ঠার পর)

কলেজ অধ্যক্ষকে দেখাইয়া সাময়িক সনদপত্র তুলিতে পারিবেন। নিম্নলিখিত সময়সূচী হইতে ২০০০ সালের ডিগ্রী পাস পরীক্ষার সাময়িক সনদ বিতরণ করা হইবে–চট্টগ্রাম বিভাগের সকল কলেজ আগামী ১৬ আগষ্ট, সিলেট, খুলনা ও বরিশাল বিভাগের সকল কলেজ ১৯ আগষ্ট, রাজশাহী বিভাগের সকল কলেজ ২০ আগষ্ট এবং ঢাকা বিভাগ ও মহানগরীর সকল কলেজে ২১ আগষ্ট। উল্লেখ্য, কলেজ অধ্যক্ষ কিংবা তাহার বৈধ প্রতিনিধির নিকটেই পরীক্ষা নিয়ন্ত্রকের দফতর হইতে এই সনদ সরবরাহ করা হইবে।